

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

নং- ৪৬.৪২.৯১০০.০০০.১৪.১১৬.১৫. ২০১৬

তারিখঃ ২০/০৪/২০১৬।

বিষয়ঃ ২০১৫-২০১৬ অর্থ বছরে সিলেট জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।


সূত্রঃ সিলেট জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং-৪৬.৬০.৯১০০.০০১.০২.০২৭.১৫.১৩৮৮, তারিখঃ ২২/২/২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ২০১৫-২০১৬ অর্থ বছরে রাজস্ব বাজেটের আওতায় ১৫,৯৯,৯০০/- (পনের লক্ষ নিরানব্বই হাজার নয়শত) টাকায় গৃহীত ২ টি প্রকল্প বর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলোঃ

ক্র:নং	প্রকল্পের নাম	বরাদ্দের পরিমাণ
১.	গোয়াইনঘাট উপজেলার নলজুড়ি ও বগলাঘাট ডাকবাংলোয় ২টি নতুন রিং ওয়েল স্থাপন ও ২টি রিং ওয়েল মেরামত	৪,৯৯,৯০০/-
২.	গোয়াইনঘাট উপজেলার ডাকবাংলোর পার্কিং এলাকা আরসিসি দ্বারা উন্নয়ন	১১,০০,০০০/-
	মোট=	১৫,৯৯,৯০০/-

শর্তসমূহঃ

- ১) প্রকল্পসমূহের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সিলেট কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ২) জেলা পরিষদের নিজস্ব সকল পূর্ত কাজ উন্মুক্ত দরপত্রের মাধ্যমে পিপিআর ২০০৮ এর এতদসংক্রান্ত সকল বিধি বিধান অনুসরণ করে দরপত্র আহবান করে প্রকল্পসমূহ বাস্তবায়ন করতে হবে; কোন অবস্থাতেই প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত কমিটির মাধ্যমে করা যাবে না; প্রকল্পসমূহ বাস্তবায়ন করে মন্ত্রণালয়ে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- ৩) স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ করতে হবে এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে।


২০/৪/১৬
(জুবাইদা নাসরিন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, সিলেট।

অনুলিপি-জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, সিলেট।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট (অনুমোদিত প্রকল্পগুলো সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। প্রশাসক, জেলা পরিষদ, সিলেট।
- ৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।